

মত্সা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গ্রহণ ও প্রেরণ শাখা
ডাইরী নং ২৬৪০
তাং ২৪/১২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৫ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd



মুজিব
২৪/১২/২২

সংখ্যা-০৯.০০.০০০০.০৭৬.২৪.২১৮.২২-১৬৬

তারিখঃ

২৪ ভাদ্র ১৪২৯ যুগসচিব
০৮ সেপ্টেম্বর ২০২২
মত্সা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: বাংলাদেশ মিশনের ইকনমিক উইং-এ 'ইকনমিক কাউন্সেলর' ও 'প্রথম সচিব (ইকনমিক)' পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীন বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের ইকনমিক উইং-এ ইকনমিক কাউন্সেলর-এর ০২ (দুই) টি ও প্রথম সচিব (ইকনমিক)-এর ০১ (এক) টি পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত 'আবেদন ফরম' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নপত্রসহ নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও ইকনমিক উইং	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
০১	ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ দূতাবাস ব্যাংকক, থাইল্যান্ড	১ (এক) টি	জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে থাইল্যান্ড সরকার ও UNESCAP-এর সঙ্গে যোগাযোগ রক্ষা করা
০২	ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ হাইকমিশন নয়াদিল্লি, ভারত	১ (এক) টি	জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা করা
০৩	প্রথম সচিব (ইকনমিক) বাংলাদেশ দূতাবাস ব্রাসেলস, বেলজিয়াম	১ (এক) টি	জাতীয় বেতনস্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত এবং ৬ষ্ঠ গ্রেডে ন্যূনতম ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে বেলজিয়াম ও ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে যোগাযোগ রক্ষা করা

শর্তাবলী:

- সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত পদে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১০/১০/২০২২ খ্রি: তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত 'আবেদন ফরম' পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবিসহ **সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দু: আ: অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)]** বরাবর আবেদন করতে হবে।
- নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে এবং তাঁর চাকরি স্থায়ী হতে হবে।
- যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনসুলেটের একই পদে বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।
- বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

মত্সা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

ডাইরী নং ২১৭৫ তারিখ: ২৫/১২/২২

যুগসচিব: আইন/প্রশাসন-৪/১৩/০৮

উপসচিব: প্রশাসন-১/২/০/৮

সহকারী সচিব: প্রশাসন-৪

হিসাবরক্ষণ কর্মকর্তা

স্বাক্ষর

মত্সা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর

ডাইরী নং: ২১৭৫ তারিখ: ২৪/১২/২২

অতিরিক্ত সচিব: প্রা: প্রশা-২/মত্সা/পরিকল্পনা

যুগসচিব: প্রা: প্রশা-১/ আইন/

উপসচিব: রু-ই/প্রশা-২/পরিকল্পনা-১/২

উপসচিব:/ বাজেট

সচিবের একান্ত সচিব

স্বাক্ষর